ভোরের কাগজ

2 FEB 2003

পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৫ ...

# বইমেলায় প্রধানমন্ত্রীর আগমন নিয়ে ছাত্রলীগ ছাত্রদলের পাল্টাপাল্টি কর্মসূচি পালন

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার অমর একুশে বইমেলা উদ্বোধন উপলক্ষে, গতকাল ছাত্রলীগ ও ছাত্রদল পাল্টাপাল্টি কর্মসূচি পালন করেছে। ছাত্রলীগ বইমেলা উদ্বোধনের প্রতিবাদে দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে কালো পতাকা প্রদর্শন ও প্রতিবাদ মিছিল করেছে। অন্যদিকে ছাত্রদল বিকালে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে স্বাগত জানিয়ে ক্যাম্পাসে আনন্দ মিছিল করেছে। এ ছাড়া প্রগতিশীল ছাত্র জোটও ক্যাম্পাসে প্রধানমন্ত্রীর আগমন প্রত্যাখ্যান করে

● এরপর পৃষ্ঠা ২ কলাম ৫

● প্রধানমন্ত্রীর বইমেলা উদ্বোধন/ নতুন বই –পৃষ্ঠা ১২

## বইমেলায় প্রধানমন্ত্রীর

● প্রথম পাতার পর

মিছিল-সমাবেশ করেছে।

গতকাল বিকালে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বাংলা একাডেমীর ২৩ দিনব্যাপী অমর একুশে বইমেলার উদ্বোধন করেন।

ছাত্রলীগ গতকাল দুপুরে মধুর ক্যান্টিন থেকে কালো পতাকা মিছিল বের করে প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদ জানায়। মিছিল শেষে অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত সমাবেশে ছাত্রলীগ নেতৃবৃন্দ বলেছেন, সাম্প্রদায়িক শক্তির প্রতিভূ '৭১-এর পরাজিত শক্তি ঘাতক জামাত শিবিরকে রাষ্ট্র ক্ষমতার অংশীদার করে বেগম খালেদা জিয়া তার শাসনামলের ১৬ মাসে মহান একুশে ফেব্রুয়ারি ও মুক্তিযুদ্ধের বিপক্ষে অবস্থান নিয়ে অমর একুশের বইমেলা উদ্বোধনের নৈতিক অধিকার হারিয়েছেন।

নেতৃবৃন্দ বলেন, বাংলার ছাত্রসমাজ একুশের চেতনাবিরোধী শক্তির সঙ্গে আপোষ করতে পারেনা। বলেই আজ এ প্রতিরোধের ডাক দিয়েছে। ছাত্রলীগ ছাত্রসমাজের দাবির সঙ্গে একাত্মতা ঘোষণা করে কালো পতাকা মিছিলের কর্মসূচি পালন করেছে। সমাবেশে নেতৃবৃন্দ বলেন, আজ শুধু কালো পতাকা প্রদর্শন ও বিক্ষোভ মিছিলের কর্মসূচি পালন করা হয়েছে। আগামীতে আন্দোলন সংগ্রামের কঠোর কর্মসূচি ঘোষণা করে একুশের চেতনা বিরোধীদের উৎখাত করা হবে।

ছাত্রলীগ সভাপতি লিয়াকত শিকদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সাধারণ সম্পাদক নজরুল ইসলাম বাবু, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সভাপতি দেলোয়ার হোসেন এবং সাধারণ সম্পাদক হেমায়েতউদ্দিন হিমু।

বিকাল ৩টায় ছাত্রলীগের কালো পতাকা প্রদর্শন ও প্রতিবাদ মিছিল করার পূর্বনির্ধারিত কর্মসূচি থাকলেও তারা নির্ধারিত সময়ের আগেই কর্মসূচি শেষ করে।

অপরদিকে ছাত্রদল গতকাল বিকালে অমর একুশে বইমেলা উদ্বোধন করতে আসা প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়াকে শুভেচ্ছা জানিয়ে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে আনন্দ মিছিল করেছে। অভিযোগ পাওয়া গেছে, ছাত্রদল হলগুলো থেকে জোর করে সাধারণ ছাত্রদের মিছিলে নিয়ে এসেছে।

প্রগতিশীল ছাত্রজোট গতকাল বেলা ২টায় বিক্ষোভ মিছিল শেষে ডাকসু ভবনের সামনে এক সমাবেশ করে। সমাবেশে নেতৃবৃন্দ প্রধানমন্ত্রীর শিক্ষা গণবিরোধী দুঃশাসনের জন্য বিশ্ববিদ্যালয়ে তার আগমনকে প্রত্যাখ্যান করা হয়েছে বলে উল্লেখ করেন।

জাসদ ছাত্রলীগও ঢাবি ক্যাম্পাসে প্রধানমন্ত্রীর আগমনের প্রতিবাদে বিক্ষোভ মিছিল, কালো ব্যাজ ধারণ ও সমাবেশ করেছে।